

1. মহম্মদ বিন তুঘলক দিল্লি থেকে কোথায় তাঁর রাজধানী স্থানান্তরিত করেছিলেন?
(A) আগ্রা (B) দৌলতাবাদ (C) ঢোলপুর (D) হিসার
2. প্রথম বিশ্বযুদ্ধের সূচনার তাৎক্ষণিক কারণ কী ছিল?
(A) আর্চডিউক ফার্দিনান্ডের হত্যা (B) লেনিনের কারাদণ্ড (C) আলফ্রেড নোবেলের ডায়নামাইট আবিষ্কার (D) লয়েড জর্জের আকস্মিক মৃত্যু
3. রুশ-ফরাসি দ্বৈতচুক্তি কবে স্বাক্ষরিত হয়েছিল?
(A) ১৮৯৪ খ্রিস্টাব্দে (B) ১৮৯৫ খ্রিস্টাব্দে (C) ১৮৯৬ খ্রিস্টাব্দে (D) ১৮৯৯ খ্রিস্টাব্দে
4. ফরাসি বিপ্লবের (১৭৮৯ খ্রিস্টাব্দ) সময় ফ্রান্সের রাজা কে ছিলেন?
(A) চতুর্দশ লুই (B) ষোড়শ লুই (C) নেপোলিয়ন (D) দশম চার্লস
5. সুরাট অধিবেশনে (১৯০৭ খ্রিস্টাব্দে) ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি কে ছিলেন?
(A) বাল গঙ্গাধর তিলক (B) লাল লাজপত রায় (C) রাসবিহারী ঘোষ (D) চিত্তরঞ্জন দাশ
6. হিন্দু মেট্রোপলিটন কলেজ কবে প্রতিষ্ঠিত হয়েছিল?
(A) ১৮১৭ খ্রিস্টাব্দে (B) ১৮১৯ খ্রিস্টাব্দে (C) ১৮৫১ খ্রিস্টাব্দে (D) ১৮৫৩ খ্রিস্টাব্দে

7. পাণিপথের তিনটি যুদ্ধ কোন কোন বছরে সংঘটিত হয়েছিল?

(A) ১৫২৬, ১৫৬২ ও ১৬৬১ খ্রিস্টাব্দে (B) ১৫২৬, ১৫৬৫ ও ১৭১৬ খ্রিস্টাব্দে (C) ১৫২৬, ১৫৫৬ ও ১৭৬১ খ্রিস্টাব্দে (D) ১৫২৬, ১৫৫৬ ও ১৫৭৫ খ্রিস্টাব্দে

8. কোন বছরে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় বাণিজ্যকুঠি প্রতিষ্ঠা করে?

(A) ১৬৪৯ খ্রিস্টাব্দে (B) ১৬৫০ খ্রিস্টাব্দে (C) ১৬৫১ খ্রিস্টাব্দে (D) ১৬৫২ খ্রিস্টাব্দে

9. কোন বেদে 'গায়ত্রী মন্ত্র' প্রথম উল্লেখ পাওয়া যায়?

(A) ঋগ্বেদ (B) সামবেদ (C) যজুর্বেদ (D) অথর্ববেদ

10. কার শাসনকালে স্যার টমাস রো ভারতে আসেন?

(A) আলাউদ্দিন খিলজি (B) শামসুদ্দিন ইলিয়াস শাহ (C) আকবর (D) জাহাঙ্গীর

11. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম মহিলা সভাপতি কে ছিলেন?

(A) কস্তুরবা গান্ধী (B) সরোজিনী নায়ডু (C) অ্যানি বেসান্ত (D) অরুণা আসফ আলি

12. দিল্লির কোন সুলতান প্রথম ডাক জনিত আক্রমণ করেন?

(A) বলবন (B) রাজিয়া (C) কুতুবউদ্দিন আইবক (D) আলাউদ্দিন খিলজি

13. উডের ডেসপ্যাচ কোন বছরে প্রকাশিত হয়?

(A) ১৮৫৪ খ্রিস্টাব্দে (B) ১৮৫৫ খ্রিস্টাব্দে (C) ১৮৫৭ খ্রিস্টাব্দে (D) ১৮৫৮ খ্রিস্টাব্দে

14. 'প্রেসের মুক্তিদাতা' নামে পরিচিত ছিলেন কে?

(A) উইলিয়াম জোন্স (B) লর্ড ওয়েলেসলি (C) চার্লস মেটকাফ (D) লর্ড মিন্টো

15. কোন সুলতান দাসদের রক্ষণাবেক্ষণের জন্য আলাদা বিভাগ গঠন করেছিলেন?

(A) ইলতুংমিস (B) রাজিয়া (C) ফিরোজ তুঘলক (D) মহম্মদ বিন তুঘলক

16. কলকাতায় সুপ্রিম কোর্ট কবে স্থাপিত হয়েছিল?

(A) ১৭৭০ খ্রিস্টাব্দে (B) ১৭৭৪ খ্রিস্টাব্দে (C) ১৭৭৬ খ্রিস্টাব্দে (D) ১৮৫৭ খ্রিস্টাব্দে

17. মালিক কাফুর কে ছিলেন?

(A) আলাউদ্দিন খিলজির সমর আধিকারিক (B) উড়িষ্যার শাসক (C) ঔরঙ্গজেবের মন্ত্রী (D) উপরের কোনোটিই নয়

18. নিচের কোন সংবাদপত্রটি বিপিনচন্দ্র পাল সম্পাদনা করতেন?

(A) ইয়ং ইন্ডিয়া (B) ইয়ং বেঙ্গল (C) নিউ ইন্ডিয়া (D) নতুন পত্র

19. নিম্নলিখিত নেতাদের মধ্য থেকে কে হোমরুল লীগে যোগ দেন?

(A) মহম্মদ ইকবাল (B) মহম্মদ আলি জিন্না (C) সৈয়দ আহমেদ খান (D) আবুল কালাম আজাদ

20. গাথা সপ্তশতীর লেখক কে?

(A) হাল (B) বরাহমিহির (C) সন্ধ্যাকর নন্দী (D) ব্রহ্মাগুপ্ত

21. হরপ্পা সভ্যতায় কোন ধাতু অজানা ছিল?

(A) তামা (B) ব্রোঞ্জ (C) সোনা (D) লোহা

22. 'মুক্তিদাতা জার' হিসেবে পরিচিত ছিল কে?

(A) দ্বিতীয় নিকোলাস (B) দ্বিতীয় আলেকজান্ডার (C) ক্যাথরিন দ্য গ্রেট (D) প্রথম আলেকজান্ডার

23. থিওসফিক্যাল সোসাইটির প্রতিষ্ঠাতা কে ছিলেন?

(A) বাল গঙ্গাধর তিলক (B) অ্যানি বেসান্ত (C) মহাত্মা গান্ধী (D) বিপিনচন্দ্র পাল

24. বিম্বিসার কোন রাজবংশের শাসক ছিলেন?

(A) হর্যক (B) শিশুনাগ (C) মৌর্য (D) কলচুরি

25. নিম্নলিখিতদের মধ্যে কে ক্যাবিনেট মিশনের সদস্য ছিলেন না?

(A) স্ট্যাফোর্ড ক্রিপস (B) এ. ভি. আলেকজান্ডার (C) সিরিল র‍্যাডক্লিফ (D) পেথিক লরেন্স

26. সন্ত্রাসের রাজত্বকালে জ্যাকোবিন ক্লাবের প্রধান নেতা কে ছিলেন?

(A) রোবসপিয়র (B) জাঁ পল মারা (C) হিবার্ট (D) দান্তন

27. জাতক সাহিত্যে কতগুলি গিন্ডের কথা বলা হয়েছে?

(A) ১৫ (B) ১৮ (C) ২৫ (D) ৩০

28. বাংলার কোন নবাব তাঁর রাজধানী মুর্শিদাবাদ থেকে মুঙ্গেরে স্থানান্তরিত করেছিলেন?

(A) মির কাশিম (B) মিরজাফর (C) সিরাজ উদ্দৌলা (D) সুজাউদ্দিন

29. বিক্রমশীলা মহাবিহারের প্রতিষ্ঠাতা কে?

(A) গোপাল (B) ধর্মপাল (C) দেবপাল (D) রামপাল

30. কালিবঙ্গান কোন নদীর তীরে অবস্থিত?

(A) ঝিলম (B) ঘর্ঘরা (C) রাভি (D) শতদ্রু

31. দিল্লির সুলতানদের মধ্যে প্রথম সার্বভৌম শাসক কে ছিলেন?

(A) কুতুবউদ্দিন আইবক (B) ইলতুৎমিস (C) নাসিরুদ্দিন মাহমুদ (D) গিয়াসউদ্দিন বলবন

32. আগ্রা নগরী কে প্রতিষ্ঠা করেছিলেন?

(A) সিকান্দর লোদি (B) বাহলুল লোদি (C) ইব্রাহিম লোদি (D) আকবর

33. 'স্পেনীয় ক্ষত' কোন যুদ্ধকে বলা হয়?

(A) ওয়াটারলু যুদ্ধ (B) পেনিনসুলার যুদ্ধ (C) ট্রাফালগারের যুদ্ধ (D) উপরের কোনোটিই নয়

34. তানসেনের প্রকৃত নাম কী ছিল?

(A) রাজবাহাদুর (B) রামতনু পাণ্ডে (C) এনায়েত খান (D) মকরন্দ পাণ্ডে

35. সেডানের যুদ্ধে কোন দেশ পরাজিত হয়েছিল?

(A) প্রুশিয়া (B) অস্ট্রিয়া (C) রাশিয়া (D) ফ্রান্স

36. জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার সময় ভারতের ভাইসরয় কে ছিলেন?

(A) লর্ড মেয়ো (B) লর্ড রিপন (C) লর্ড ডাফরিন (D) লর্ড ল্যান্সডাউন

37. 'জিন্দাপীর' কাকে বলা হত?

(A) আকবর (B) শাহজাহান (C) জাহাঙ্গীর (D) ঔরঙ্গজেব

38. 'পাট্টা' ও 'কবুলিয়ৎ' কে প্রবর্তন করেছিলেন?

(A) আলাউদ্দিন খিলজি (B) মহম্মদ বিন তুঘলক (C) শের শাহ (D) আকবর

39. কে 'মহামল্ল' উপাধি গ্রহণ করেছিলেন?

(A) মহেন্দ্রবর্মণ (B) অমোঘবর্মণ (C) রাজেন্দ্রবর্মণ (D) প্রথম নরসিংহবর্মণ

40. হর্ষবর্ধন প্রতি পাঁচ বছর অন্তর কোথায় সম্মেলনের আয়োজন করতেন?

(A) নাসিক (B) পৈঠান (C) গোয়ালিয়র (D) প্রয়াগ

41. হরপ্পা সভ্যতার পোড়ামাটির লাঙল কোথায় আবিষ্কৃত হয়েছিল?

(A) মহেঞ্জোদারো (B) বানাওয়ালি (C) কালিবঙ্গান (D) লোথাল

42. নিম্নলিখিত দেশগুলির মধ্যে কোনটি ত্রিশক্তি চুক্তির অন্তর্ভুক্ত ছিল না?

(A) জার্মানি (B) অস্ট্রিয়া (C) ইতালি (D) রাশিয়া

43. কোন জ্ঞানদীপ্ত চিন্তাবিদ এনসাইক্লোপিডিয়া (বিশ্বকোষ) সংকলন করেছিলেন?

(A) ভলতেয়ার (B) রুশো (C) মন্টেস্কু (D) দিদেরো

44. বেনারস হিন্দু বিশ্ববিদ্যালয় কে স্থাপন করেছিলেন?

(A) অ্যানি বেসান্ত (B) রবীন্দ্রনাথ ঠাকুর (C) সর্দার বল্লভভাই প্যাটেল (D) মদনমোহন মালব্য

45. নিম্নলিখিত মুঘল শাসকদের মধ্যে কে অমৃতসরের স্বর্ণমন্দির নির্মাণে জমিদান করেছিলেন?

(A) বাবর (B) হুমায়ুন (C) আকবর (D) ঔরঙ্গজেব

46. নিম্নলিখিত আক্রমণকারীদের মধ্যে কে দিল্লি থেকে ময়ূর সিংহাসন নিয়ে চলে গিয়েছিলেন?

(A) গজনীর মাহমুদ (B) চেঙ্গিস খান (C) নাদির শাহ (D) আহমদ শাহ আবদালি

47. টিলসিটের সন্ধি কবে স্বাক্ষরিত হয়েছিল?

(A) ১৮০২ খ্রিস্টাব্দে (B) ১৮০৪ খ্রিস্টাব্দে (C) ১৮০৭ খ্রিস্টাব্দে (D) ১৮১২ খ্রিস্টাব্দে

48. ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন কোথায় হয়েছিল?

(A) গোকুলদাস তেজপাল সংস্কৃত কলেজ, বম্বে (B) সংস্কৃত কলেজ, কলকাতা (C) সেন্ট জেভিয়ার্স কলেজ, কলকাতা (D) 'র্যাভেনশা' কলেজ, কটক

49. ভারতে কবে রেলপথের সূচনা হয়েছিল?

(A) ১৮৫৩ খ্রিস্টাব্দে (B) ১৮৬২ খ্রিস্টাব্দে (C) ১৮৭২ খ্রিস্টাব্দে (D) ১৮৮১ খ্রিস্টাব্দে

50. ভারতীয় সংস্কৃতির উৎস কোন বেদকে বলে?

(A) ঋগ্বেদ (B) সামবেদ (C) যজুর্বেদ (D) অথর্ববেদ

51. কোন সুলতান অশোকের স্তম্ভ দিল্লিতে এনেছিলেন?

(A) আলাউদ্দিন খিলজি (B) গিয়াসউদ্দিন তুঘলক (C) মহম্মদ বিন তুঘলক (D) ফিরোজ শাহ তুঘলক

52. দিব্য (দিব্যোক) কোন বিদ্রোহের নেতা ছিলেন?

(A) কায়স্থ (B) কৈবর্ত (C) সন্ন্যাসী (D) হুন

53. রাসবিহারী বসু কোন ছদ্মনামে জাপান পাড়ি দিয়েছিলেন?

(A) মানবেন্দ্রনাথ ভট্টাচার্য (B) রবীন্দ্রনাথ ঠাকুর (C) রাসবিহারী ঘোষ (D) পি. এন. টেগোর

54. গৌতম বুদ্ধ কোথায় বোধিলাভ করেছিলেন?

(A) সারনাথ (B) শ্রাবস্তী (C) পাটলিপুত্র (D) গয়া

55. কোন আন্দোলনে মহাত্মা গান্ধী প্রথমবার অনশনকে হাতিয়ার হিসেবে ব্যবহার করেছিলেন?

(A) আহমেদাবাদ সুতিকল ধর্মঘট (B) রাওলাট সত্যাগ্রহ (C) অসহযোগ আন্দোলন (D) বরদৌলি সত্যাগ্রহ

56. ত্রিশক্তি সংগ্রামে নিম্নলিখিত কোন রাজবংশ জড়িত ছিল না?

(A) পাল (B) প্রতিহার (C) রাষ্ট্রকূট (D) চোল

57. বর্ণপ্রথা কখন বংশানুক্রমিক হয়?

(A) পরবর্তী বৈদিক যুগ (B) মৌর্য যুগ (C) গুপ্ত পরবর্তী যুগ (D) সুলতানি আমল

58. কোন বছরে ব্রিটিশ ইস্ট ইন্ডিয়া কোম্পানি বাংলায় বাণিজ্যকুঠি প্রতিষ্ঠা করে?

(A) ১৬৪৯ খ্রিস্টাব্দে (B) ১৬৫০ খ্রিস্টাব্দে (C) ১৬৫১ খ্রিস্টাব্দে (D) ১৬৫২ খ্রিস্টাব্দে

59. আজাদ হিন্দ ফৌজ কবে কোহিমা দখল করেছিল?

(A) ১৯৪২ খ্রিস্টাব্দে (B) ১৯৪৪ খ্রিস্টাব্দে (C) ১৯৪৫ খ্রিস্টাব্দে (D) ১৯৪৭ খ্রিস্টাব্দে

60. কোন রাজার শাসনকালে পারসিক দূত আব্দুর রাজ্জাক ভারত ভ্রমণ করেছিলেন?

(A) দেবরায় (B) কৃষ্ণদেব রায় (C) দ্বিতীয় দেবরায় (D) বীর বিজয়